

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ফ্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: ntrca2005@yahoo.com

বিজ্ঞপ্তি (ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশিত)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক ৩য় নিয়োগ চক্রের মাধ্যমে শিক্ষক সুপারিশকরণের কার্যক্রম শুরু হতে যাচ্ছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এন্ট্রি লেভেলের শূন্য পদ প্রদানের পূর্বশর্ত হলো প্রতিষ্ঠানের ই-রেজিস্ট্রেশন সম্পন্ন করা। সে লক্ষ্যে শিক্ষক নিয়োগ সংক্রান্ত কাজ সুষ্ঠু ও স্বচ্ছভাবে সম্পন্ন করার জন্য এবং এক্ষেত্রে কোন ধরনের ভুল-ভ্রান্তি এড়ানোর জন্য সংশ্লিষ্ট সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ই-রেজিস্ট্রেশন বিষয়টি বাধ্যতামূলক। যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ই-রেজিস্ট্রেশন এখনও সম্পন্ন করা হয়নি, সে সকল প্রতিষ্ঠান প্রধান উক্ত ই-রেজিস্ট্রেশনের লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করে ই-রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করুন। ই-রেজিস্ট্রেশন সংক্রান্ত কার্যাদি আগামী ২৭ অক্টোবর ২০১৯ হতে ১১ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এছাড়াও যে সকল প্রতিষ্ঠানের তথ্য সংশোধন/তথ্য হালনাগাদ করা প্রয়োজন, সে সকল প্রতিষ্ঠানও User ID ও Password ব্যবহার করে তথ্য হালনাগাদ করতে পারবেন।

User ID ও Password টি এনটিআরসিএ'র সাথে ভবিষ্যৎ সকল অনলাইন যোগাযোগের ক্ষেত্রে প্রয়োজন হবে। অন্য কেউ যাতে User ID ও Password টির অপব্যবহার করে কোন জালিয়াতি করতে না পারে তা নিশ্চিত করার দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের।

উল্লেখ্য যে, এ সংক্রান্ত বিষয়ে যাবতীয় তথ্য ০২-৪১০৩০১৩১ এবং ০২-৪১০৩০৩৯৩ নম্বর থেকে জানা যাবে।

চেয়ারম্যান
এনটিআরসিএ, ঢাকা।